

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৩২(আগরতলা ১৭।০৮)

আগরতলা, ১৭ আগস্ট, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

‘ইঞ্জিনিয়ার নিয়োগ : ঘোষণা এখনো ফাইল বন্দি’ শিরোনামে গত ৮ জুলাই, ২০২৪, সন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদ গ্রামোন্নয়ন দপ্তরের নজরে এসেছে। গ্রামোন্নয়ন দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে প্রকাশিত সংবাদটি সম্পূর্ণরূপে ভিত্তিহীন, কাল্পনিক এবং সরকারকে জনমনে হেয় প্রতিপন্ন করার লক্ষ্যে উদ্দেশ্য প্রণোদিতভাবে প্রকাশ করা হয়েছে।

গ্রামোন্নয়ন দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে ৩ জুন, ২০১৯ এ মন্ত্রিসভার সিদ্ধান্ত অনুযায়ী রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরে ১৯৬২টি পদে গ্রাম রোজগার সেবক (GRS) নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছিল। সেই অনুযায়ী ৬/৮/২০১৯ তারিখে বিজ্ঞাপনের মাধ্যমে অনলাইন আবেদনপত্র আহ্বান করা হয়। সর্বমোট ৪৯,৯২৯টি আবেদনপত্র জমা পড়ে এবং ৩৬,৭৬৬ (৭৩.৬৪%) জন আবেদনকারী পরীক্ষায় বসে। কিন্তু এ ব্যাপারে উচ্চ আদালতে একটি মামলা দায়ের হওয়ার পরিপ্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যায় নি।
